

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৯. জুতা পরে সালাত আদায়

باب الصَّلَاةِ فِي النَّعْلِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَبِي نَعَامَةُ السَّعْدِيِّ، عَنْ أَبِي نَعْامَةُ السَّعْدِيِّ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ بَيْنَمَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِّي بِأَصِدْحَابِهِ إِذْ خَلَعَ نَعْلَيْهِ فَوَضَعَهُمَا عَنْ يَسَارِهِ فَلَمَّا رَأَى ذَلِكَ الْقَوْمُ أَلْقَوْا نِعَالَهُمْ فَلَمَّا وَصْحَابِهِ إِذْ خَلَعَ نَعْلَيْهِ فَوَضَعَهُمَا عَنْ يَسَارِهِ فَلَمَّا رَأَى ذَلِكَ الْقَوْمُ أَلْقَوْا نِعَالَهُمْ فَلَمَّا وَصَحْمَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صَلَاتَهُ قَالَ " مَا حَمَلَكُمْ عَلَى إِلْقَائِكُمْ نِعَالَكُمْ " . قَالُوا رَأَيْنَاكَ أَلْقَيْنَا نِعَالَنَا . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّ جَبْرِيلَ صلى الله عليه وسلم أَتَانِي فَأَخْبَرَنِي أَنَّ فِيهِمَا قَذَرًا " . وَقَالَ " إِذَا جَاءَ أَحَدُكُمْ إِلَى الْمَسْجِدِ فَلْيَنْظُرُ فَإِنْ رَأَى فِي نَعْلَيْهِ قَذَرًا أَوْ أَذًى فَلْيَمْسَحُهُ وَلْيُصَلِّ فِيهِمَا " .

_ صحیح

বাংলা

৬৫০। আবৃ সাঈদ আল-খদুরী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নিয়ে সালাত আদায়কালে তাঁর জুতাজাড়া খুলে তাঁর বাম পাশে রেখে দিলেন। এ দৃশ্য দেখে লোকেরাও তাদের জুতা খুলে রাখল। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম সালাত শেষে বললেনঃ তোমরা তোমাদের জুতা খুললে কেন? তারা বলল, আপনাকে আপনার জুতাজোড়া খুলে রাখতে দেখে আমরাও আমাদের জুতা খুলে রেখেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ জিবরীল 'আলাইহিস সালাম আমার কাছে এসে আমাকে জানালেন, আপনার জুতাজোড়ায় নাপাকি লেগে আছে। তিনি আরো বললেন, তোমাদের কেউ মসজিদে প্রবেশ করলে সে যেন তার জুতাজোড়া দেখে নেয়। তাতে নাপাকি দেখতে পেলে যেন জমিনে তা ঘষে নিয়ে পরিধান করে সালাত আদায় করে।[1]

সহীহ।



English

Narrated AbuSa'id al-Khudri:

While the Messenger of Allah () was leading his Companions in prayer, he took off his sandals and laid them on his left side; so when the people saw this, they removed their sandals. When the Messenger of Allah () finished his prayer, he asked: What made you remove your sandals? The replied: We saw you remove your sandals, so we removed our sandals.

The Messenger of Allah (ﷺ) then said: Gabriel came to me and informed me that there was filth in them. When any of you comes to the mosque, he should see; if he finds filth on his sandals, he should wipe it off and pray in them.

ফুটনোট

[1] আহমাদ (৩/২০, ৯২) দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ জুতাদ্বয় পরে সালাত আদায়, হাঃ ১৩৭৮) ইবনু খুযাইমাহ (অনুঃ কোনো মুসল্লী ময়লাযুক্ত জুতা পরে সালাত আদায় করলে, হাঃ ২/৪৩১)।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । জুতা পরে সালাত আদায় শারী আত সম্মত।
- ২। জুতায় লেগে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করলেই তা পাক হয়ে যায়।
- ৩। 'আমলে ইয়াসির বা হালকা কাজে সালাত নষ্ট হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন